**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 18-03-2026** **Desk in Charge: SDG**
**Time: 7-50PM** **Compiling: Priya B.**
**DEO: KB** **NRT: Priya B.**
**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ–

বিশেষ বিশেষ খবর –

১/ রাজ্য পুলিশের পাঁচ রেঞ্জের DIG-র পর আজ একইদিনে মালদা-মুর্শিদাবাদ সহ ১০'টি জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিককে সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন।

২/ পশ্চিমবঙ্গ সহ চার রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ২৫ লক্ষেরও বেশি কর্মী ও আধিকারিক মোতায়েন করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

৩/ কেন্দ্রের সলিসিটার জেনারেল তুষার মেহেতা অভিযোগ করেছেন, রাজ্য সরকার আইপ্যাক মামলা অহেতুক পেছাতে চাইছে। # তদন্ত চলাকালীন সেখানে মুখ্যমন্ত্রীর ঢুকে পড়াটা 'অনভিপ্রেত' ঘটনা বলে সুপ্রিম কোর্ট মন্তব্য করেছে।

৪/ কেন্দ্রীয় মন্ত্রিসভা, শতাধিক শিল্প পার্কের উন্নয়নে ভারত ঔদ্যগিক বিকাশ যোজনা-ভাব্যা অনুমোদন করেছে।

৫/ আবহাওয়া দপ্তর, সপ্তাহের শেষের দিকে রাজ্যের প্রায় সর্বত্র বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

**********************************************************************

রাজ্য পুলিশের পাঁচ রেঞ্জের DIG-র পর আজ একইদিনে মালদা-মুর্শিদাবাদ সহ ১০'টি জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিককে সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। একইসঙ্গে কলকাতা উত্তর ও দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিকদের বদল করা হয়েছে। নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুসারে, কোচবিহারের নতুন জেলাশাসক হয়েছেন- জিতিন যাদব। জলপাইগুড়িতে-সন্দীপ ঘোষ, উত্তর দিনাজপুরে-বিবেক কুমার, মালদায়-রাজনবীর সিং কাপুর, মুর্শিদাবাদে- আর অর্জুন, নদিয়ায়-শ্রীকান্ত পাল্লি, পূর্ব বর্ধমানে-শ্বেতা আগরওয়াল, উত্তর ২৪ পরগনায়-শিল্পা গৌরিসারিয়া, দক্ষিণ ২৪ পরগনায়-অভিষেক কুমার তিওয়ারি, দার্জিলিং-এ হরিশঙ্কর পানিক্কার-কে দায়িত্ব দেওয়া হয়েছে।

এদিকে, কলকাতা পুরসভার নতুন কমিশনার স্মিতা পান্ডেকে কলকাতা উত্তরের DEO হিসেবে নিয়োগ করা হয়েছে। কলকাতা দক্ষিণের জেলা নির্বাচনী আধিকারিক করা হয়েছে রণধীর কুমারকে।

উল্লেখ্য, কলকাতায় জেলাশাসক না থাকায়, নিয়ম অনুযায়ী IAS পদমর্যাদার আধিকারিককে DEO-র দায়িত্ব দেওয়া হয়। সম্প্রতি নির্বাচন কমিশন জানায়, পুরসভার কমিশনারই উত্তর কলকাতার DEO হিসেবে নিযুক্ত হবেন।

অবিলম্বে এই নির্দেশ কার্যকর করতে এবং সংশ্লিষ্ট আধিকারিকদের যোগদানের রিপোর্ট আগামীকাল বিকেল ৩টের মধ্যে জমা বলেছে কমিশন।

এর আগে রাজ্যের পাঁচ DIG-কে বদল করে নতুন আধিকারিকদের দায়িত্ব দেওয়ার বিষয়ে নির্দেশিকা জারি করে কমিশন। এই নির্দেশ অনুযায়ী, অমিতকুমার ভারত-কে রায়গঞ্জে, অজিত সিং যাদবকে মুর্শিদাবাদ ও শ্রীহরি পান্ডেকে বর্ধমানে, কঙ্কর প্রসাদ বারুইকে প্রেসিডেন্সি রেঞ্জে, এবং অঞ্জলি সিংকে জলপাইগুড়ির DIG করা হয়েছে। সংশ্লিষ্ট আধিকারিকদের যোগদানের রিপোর্ট, আগামীকাল সকাল ১১-টার মধ্যে জমা দিতে বলেছে কমিশন।

জেলাশাসক ও DIG - দুটি ক্ষেত্রেই যাঁদের পদ থেকে সরানো হয়েছে, নির্বাচন প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত, তাঁদের ভোট সংক্রান্ত কোন দায়িত্বে রাখা যাবে না বলেও কমিশন স্পষ্ট জানিয়েছে।

*************************

পশ্চিমবঙ্গ সহ চার রাজ্য ও একটি কেন্দ্রশাসিত অঞ্চলে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ২৫ লক্ষেরও বেশি কর্মী ও আধিকারিক মোতায়েন করা হয়েছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। এর মধ্যে প্রায় ১৫ লক্ষ ভোট কর্মী, সাড়ে ৮ লক্ষ নিরাপত্তা কর্মী, ৪০ হাজার গণনাকর্মী, ৪৯ হাজার মাইক্রো অবজারভার এবং ২১ হাজার সেক্টর অফিসার রয়েছেন। পাশাপাশি গণনার জন্য আলাদা করে মাইক্রো অবজারভার মোতায়েন করা হচ্ছে। নির্বাচনে মোট ভোটদাতার সংখ্যা ১৭ কোটি ৪০ লক্ষেরও বেশি। সেই হিসেবে প্রতি ৭০ জন ভোটারের জন্য একজন করে নির্বাচনী কর্মী থাকছেন।

*************************

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে উচ্চপর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন রাজ্যের বিশেষ পর্যবেক্ষক এন কে মিশ্র, রাজ্য পুলিশের মহানির্দেশক সিদ্ধিনাথ গুপ্তা, আইনশৃঙ্খলা বিভাগের ADG অজয়-মুকুন্দ রাণাডে, কলকাতা পুলিশের কমিশনার অজয় কুমার নন্দ সহ একাধিক শীর্ষ পুলিশ আধিকারিক। এছাড়াও রাজ্যে কেন্দ্রীয় বাহিনীর সমন্বয়ের দায়িত্বে থাকা আধিকারিক এবং ট্রাফিক বিভাগের আইজি-সহ সংশ্লিষ্ট আধিকারিকরাও বৈঠকে যোগ দেন। ভোটের আগে আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন সহ সামগ্রিক নির্বাচনী প্রস্তুতি খতিয়ে দেখা হয়। বৈঠকের পর রাজ্য পুলিশের মহা নির্দেশক সাংবাদিকদের বলেন, রাজ্যের হাতে বর্তমানে কত সংখ্যক পুলিশ কর্মী আছে, কমিশনের তরফে তা' জানতে চাওয়া হয়েছে।

*************************

তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকায় বহু বিতর্কিত ও বিভিন্ন দুর্নীতিতে অভিযুক্তদের নাম রয়েছে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার বলেন, দীর্ঘদিনের শাসনকালে প্রশাসনিক দুর্নীতি ও রাজনৈতিক প্রভাবের অভিযোগ থাকা সত্ত্বেও ওইব্যক্তিদের'ই পুনরায় প্রার্থী করা হয়েছে।

রাজ্যে পরিবর্তনের দাবি ক্রমশ জোরালো হচ্ছে বলে তিনি জানান।

( বাইট- দেবজিত )

************************

তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকা প্রকাশের পরই একাধিক জেলা থেকে ক্ষোভ, বিক্ষোভ ও সংঘর্ষের ঘটনা অব্যাহত। পূর্ব বর্ধমানের মন্তেশ্বরে সিদ্দিকুল্লা চৌধুরীর নামঘোষণা হ ওয়ার পরই দীর্ঘনগর গ্রামে সিদ্দিকুল্লা চৌধুরী ও মন্তেশ্বর পঞ্চায়েত সমিতির সভাপতি আহমেদ হোসেন চৌধুরীর অনুগামীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ শুরু হয়। ঘটনায় দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং পূর্বের বিদায়ী বিধায়ক সওকত মোল্লাকে ফের ওই কেন্দ্রেই প্রার্থী করার দাবীতে গতকালের পর আজ'ও বিক্ষোভ দেখান দলীয় কর্মীরা। সোকত মোল্লার বাড়ির সামনে জমায়েত করে বিক্ষোভ দেখান তাঁরা।

সওকত মোল্লাকে দলের তরফে ভাঙ্গড়ের প্রার্থী করা হয়েছে।

************************

বিজেপি নেতা দিলীপ ঘোষের সাম্প্রতিক কিছু মন্তব্যে, নির্বাচনী বিধি ভঙ্গ হয়েছে- এই অভিযোগে নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে তৃণমূল কংগ্রেস। শাসক দলের অভিযোগ, বিজেপি প্রার্থী প্রকাশ্য সভা ও ভিডিও বার্তায় তৃণমূল কংগ্রেস নেতা-কর্মী এবং সাধারণ ভোটারদের বিরুদ্ধে হিংসার উস্কানি দিয়েছেন ।

দিল্লির নির্বাচন সদনে জমা দেওয়া ওই অভিযোগপত্রে তৃণমূল কংগ্রেসের দাবী, দিলীপ ঘোষ নির্দিষ্টভাবে তাঁদের দলের নেতা-নেতৃদের বাড়িতে হামলার ইঙ্গিত রয়েছে।

এর প্রেক্ষিতে নির্বাচন কমিশনের কাছে পদক্ষেপের দাবি জানিয়েছে শাসক দল।

*************************

রাজ্যে কোন্ সার্কুলারের ভিত্তিতে SIR প্রক্রিয়া শুরু হয়েছে, আগামী সাত দিনের মধ্যে সেই তথ্য এক আবেদনকারীকে দিতে, নির্বাচন কমিশনের মুখ্য তথ্য আধিকরিক CPIOকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

মামলাকারী এর আগে এই বিষয়ে জানতে চেয়ে RTI করে নির্বাচন কমিশনের কাছে আবেদন করেন। একইসঙ্গে অনুপ্রবেশকারী ও বিদেশী ভোটারদের নাম'ও জানতে চেয়েছিলেন তিনি। মামলাকারীর অভিযোগে, নির্বাচন কমিশন তাঁকে কোনো তথ্যই দেয়নি। এরপরই কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন তিনি। বিচারপতি কৃষ্ণা রাও আজ এসংক্রান্ত মামলার শুনানিতে সাত দিনের মধ্যে মামলাকারীকে নথি হস্তান্তর করতে নির্দেশ দেন।

*************************

রাজ্যের ১৯ জন অপসারিত IPS আধিকারিককে নতুন দায়িত্ব দিয়েছে নবান্ন। গতকালই এই ১৯ জনকে তাঁদের পদ থেকে সরিয়ে দিয়েছিল নির্বাচন কমিশন। আজ এসংক্রান্ত এক নির্দেশিকায় রাজ্য জানিয়েছে, ইন্দিরা মুখোপাধ্যায়কে পাঠানো হয়েছে রাজ্য পুলিশের গোয়েন্দা বিভাগের (সিআইডি) স্পেশাল সুপারিন্টেন্ডেন্ট (এসএস) পদে। এ ছাড়া, এডিজি (দক্ষিণবঙ্গ) পদ থেকে অপসারিত রাজীব মিশ্রকে পাঠানো হয়েছে এডিজি (সংস্কার ও সমন্বয়) করে। ব্যারাকপুরের পুলিশ কমিশনার প্রবীণকুমার ত্রিপাঠীকে রাজ্য পুলিশের এসটিএফ-এর আইজি করা হয়েছে। একই দায়িত্ব পেয়েছেন আসানসোল-দুর্গাপুরের অপসারিত পুলিশ কমিশনার সুনীল কুমার চৌধরিকে। আইজি (উত্তরবঙ্গ) পদ থেকে অপসারিত সুকেশকুমার জৈনকে রাজ্য পুলিশের ইন্টেলিজেন্স ব্যুরোর (আইবি) আইজি করা হয়েছে। আইবির ডিআইজি হচ্ছেন হাওড়ার অপসারিত পুলিশ কমিশনার আকাশ মাঘারিয়া এবং চন্দননগরের অপসারিত পুলিশ কমিশনার কোটেশ্বর রাওকে।

*************************

আজকের প্রসঙ্গে এবারের বিষয় "কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির ভারত সফর এবং ভারত কানাডা দ্বিপাক্ষিক সম্পর্কপ্রবাসী ভারতীয় বিজ্ঞানী ডঃ  এই বিষয় নিয়ে কানাডা"

সৈকত বসুর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************

কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা অভিযোগ করেছেন, রাজ্য সরকার আইপ্যাক মামলা অহেতুক পেছোতে চাইছে। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিচারপতি এনভি আনজারিয়ার বেঞ্চে আজ এসংক্রান্ত মামলার শুনানিতে ইডির হলফনামার পালটা হলফনামা দিতে রাজ্য সময় চাইলেও সর্বচ্চ আদালত সেই অনুমতি দেয় নি। আগামী মঙ্গলবার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পক্ষে আইনজীবী কপিল সিব্বল তাঁর বক্তব্য জানাবেন। ইডির তদন্ত চলাকালীন সেখানেই মুখ্যমন্ত্রীর ঢুকে পড়া অনভিপ্রেত ঘটনা বলেও এদিন বেঞ্চ জানায়।

এদিনের শুনানিতে রাজ্যের আইনজীবী শ্যাম দেওয়ান, রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই প্যাক-এর কর্ণধার প্রতীক জৈনের বাড়িতে ও অফিসে তল্লাশির ঘটনায় সুপ্রিমকোর্টে ইডির দায়ের করা মামলার গ্রহনযোগ্যতা নিয়ে প্রশ্ন তোলেন। ইডি যে জবাবি হলফনামা দিয়েছে তাতে কিছু নতুন বিষয় থাকায় রাজ্যের পক্ষ থেকে পাল্টা হলফনামা দেওয়ার জন্য অতিরিক্ত সময় চাওয়া হলেও কেন্দ্রের সলিসিটর জেনারেল তুষার মেহেতা তার বিরোধিতা করেন।

রাজ্যের আইনজীবী বলেন, সংবিধানের ১৪৩ নম্বর অনুচ্ছেদের আওতায় এই ধরনের মামলার শুনানি ৫ বিচারপতির বেঞ্চে হওয়া উচিত।

*************************

কেন্দ্রীয় মন্ত্রিসভা, শতাধিক শিল্প পার্কের উন্নয়নে ভারত ঔদ্যগিক বিকাশ যোজনা-ভাব্যা অনুমোদন করেছে। এর জন্যে বরাদ্দ করা হয়েছে ৩৩ হাজার ৬৬০ কোটি টাকা। তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ নতুন দিল্লিতে সাংবাদিকদের বলেন, এই যোজনার লক্ষ্য হল বিশ্ব মানের শিল্প পরিকাঠামো গড়ে তোলা। পাশাপাশি দেশের উৎপাদন ক্ষেত্রে

সম্ভাবনা আরও উজ্জ্বল করে দেশের উন্নয়ন ত্বরান্বিত করাও এর লক্ষ্য বলে শ্রী বৈষ্ণ মন্তব্য করেন।

মন্ত্রিসভা, আত্মনির্ভর ভারত গঠনের দৃষ্টিভঙ্গিকে যথাযথ রূপ দিতে ২০২৩-২৪ তুলোর মরশুমের জন্যে Cotton Corporation of India বা ভারতীয় তুলো নিগমকে এক হাজার ৭১৮ কোটি টাকা ন্যূনতম সহায়ক মূল্য বা MSP'ও অনুমোদন করেছে। দেশ জুড়ে তুলো চাষিদের সরাসরি সহায়তা প্রদানই এর উদ্দেশ্য বলে মন্ত্রী জানান।

***************************

বাতাসের গতিপ্রকৃতি অনুকূল থাকায় ও বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প প্রবেশ করার কারণে সপ্তাহের শেষের দিকে রাজ্যের প্রায় সর্বত্র বৃষ্টির পূর্বাভাস রয়েছে। তবে আজ ও আগামীকাল দক্ষিণবঙ্গের পুরুলিয়া, ঝাড়গ্রাম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, বীরভূম, নদীয়া ও মুর্শিদাবাদ জেলায় দমকা হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

বৃষ্টির কারণে গত দুদিন তাপমাত্রা কিছুটা কমলেও আজ আবার তা ছিল ঊর্ধ্বমুখী। আলিপুরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৪ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বোচ্চ তাপমাত্রা ৩২ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে প্রায় দু ডিগ্রী কম।

***************************

কলকাতা প্রিমিয়ার হকি লিগে আজ দুটি খেলা হয়েছে। মোহনবাগান ৬-৪ গোলে পুলিশ আথলেটিকস ক্লাব-কে হারিয়ে দিয়েছে। অন্য ম্যাচে নাভাল টাটা অ্যাকাডেমি ৪-২ গোলে কাস্টমস কে পরাজিত করেছে।

***************************************************************************